

Section 1

Two Important Parts of Speech: The Noun and the Verb

Lesson 1

Aim: (a) Noun-এর গুরুত্ব ব্যাখ্যা করা এবং noun কিভাবে চেনা যায় তা নির্দেশ করা

(b) Noun কে plural বা বহুবচন করার নিয়মাবলী উদাহরণসহ উল্লেখ করা

ইংরেজী বাক্যের দু'টো অংশ থাকে : Subject ও Predicate. যার সম্বন্ধে কিছু বলা হয় সেটাই Subject এবং যা বলা হয় সেটাই Predicate. Subject সাধারণতঃ noun নিয়ে অথবা noun কে কেন্দ্র করে ও Predicate অংশটি verb নিয়ে অথবা verb-কে কেন্দ্র করে গঠিত হয়। উদাহরণস্বরূপ, নীচের বাক্য দু'টো লক্ষ্য করা যাক:

Subject

1. Dogs

2. My sister

Predicate

bark — *গেটসেট*

speaks English well.

প্রথম বাক্যটির Subject হলো *Dogs* ও Predicate হলো *bark*. *Dogs* শব্দটি একটি noun এবং *bark* শব্দটি verb. অতএব এই বাক্যটি noun ও verb নিয়ে গঠিত। দ্বিতীয় বাক্যটির Subject হলো *My sister* ও Predicate হলো *speaks English well*. এই বাক্যের Subject টি *sister* এই noun-কে এবং Predicateটি *speaks* এই verb-কে কেন্দ্র করে গঠিত। তাই noun ও verb সম্বন্ধে শিক্ষার্থীর পরিষ্কার ধারণা থাকা দরকার।

এই Lesson-এ noun-এর কথা বলা হবে। Noun কি এবং কিভাবে চেনা যায়? Noun একটি নামবাচক পদ অর্থাৎ Noun কোন কিছুর নাম বুঝায়। উদাহরণস্বরূপ, নীচের paragraph-টিতে কতকগুলো noun ব্যবহার করা হয়েছে।

Ali lives in Rajshahi. He is a shopkeeper. He sells cigarettes and somehow manages to support his family. But he hates smoking because it is dangerous to health.

Paragraph-এর italicized words (বাঁকা ছাঁদের শব্দগুলো) noun কারণ সেগুলো নামবাচক শব্দ। শব্দগুলো কিসের কিসের নাম বুঝায় দেখা যাক:

- Ali: ব্যক্তির নাম
- Rajshahi : স্থানের নাম
- shopkeeper: এক শ্রেণীর মানুষের নাম
- cigarettes: বস্তুর নাম
- family: সমষ্টির নাম
- smoking: এক বিশেষ কার্যের নাম
- health: কোন গুণ বা অবস্থার নাম

লক্ষণীয় যে উপরের শব্দগুলো এক একটা স্বতন্ত্র শ্রেণীর নাম প্রকাশ করে। এই শ্রেণী বিভক্তি মনে রাখলে noun চেনা সহজ হয়। Noun-এর সংজ্ঞা ও শ্রেণী বিভক্তি আরো উদাহরণসহ নীচে দেওয়া হলো:

Nouns name:

- Persons (ব্যক্তি): Hasan, Karim, Mina, Yasmin
- Places (স্থান): Dhaka, London, Bangladesh, India
- Things (বস্তু): tabel, chair, fan, pen
- Members of a class (কোন শ্রেণীর সদস্য) : cow, dog, doctor, engineer
- A group of persons/animals/things (মানুষ, প্রাণী বা বস্তুর সমষ্টি) : committee, cabinet, flock, furniture
- Actions or activities (কার্যাবলী) : walking, running, cooking, camping (verb-এর সঙ্গে *ing* যোগ করে এই noun তৈরি করা হয়।)
- Qualities, emotions or conditions of people or things (গুণ বা আবেগ বা কোন অবস্থা) : love, kindness, peace, sickness

বলা বাহুল্য, সব Noun-কে উপরোক্ত শ্রেণীতে ফেলা যাবে তা নয়, তবে অধিকাংশ Noun এইভাবে শ্রেণীভুক্ত করা যায়। অবশ্য Grammar বইতে অন্যভাবে Noun-এর শ্রেণী বিভাগ করা হয়, যেমন: Proper Noun, Common Noun, Collective Noun, Material Noun ও Abstract Noun. যেহেতু এই নামগুলোর ব্যাখ্যার প্রয়োজন হয়, তাই এধরণের শ্রেণী বিভাগ শিক্ষার্থীকে Noun চিনতে সাহায্য করে না। উপরে যেভাবে Noun-এর শ্রেণী বিভাগ করা হয়েছে সেটাই সহজবোধ্য মনে হয়। তবে একটি Noun কোন শ্রেণীতে পড়ে সেটা বলতে পারাটাই বড় কথা নয়। শ্রেণী বিভক্তির উদ্দেশ্য হলো Noun-কে চিনতে সাহায্য করা। Noun না চিনলে বাক্য বুঝা ও তৈরি করা কঠিন।

Noun চিনবার আর একটি উপায় হলো Noun-এর গঠন লক্ষ্য করা। অনেক Noun-এর সঙ্গে suffix থাকে। Suffix হলো letter (s) বা syllable (s) যা কোন শব্দের শেষে যোগ করে অন্য শব্দ তৈরি করা হয়। অনেক verb বা adjective-এর সঙ্গে suffix যোগ করে noun তৈরি করা যায়। Noun তৈরি করতে যে সব suffix প্রায়শ: ব্যবহার হয় তার কিছু উদাহরণ নীচে দেওয়া হলো:

1. Noun indicating persons (যেসব Noun ব্যক্তিকে বুঝায়):

- er as in *driver, player, writer*
- or as in *editor, visitor, actor*
- ant as in *servant, assistant, attendant*
- ist as in *scientist, chemist, typist*

2. Nouns derived from and indicating qualities, ideas, conditions. (যেসব Noun গুণ, ধ্যান-ধারণা বা অবস্থা বুঝায় এবং verb থেকে তৈরি):

- age as in *leakage, drainage, coverage*
- al as in *arrival, refusal, approval*
- ance an in *attendance, appearance, performance*
- ery as in *discovery, recovery, delivery*
- ment as in *agreement, arrangement, advancement*
- sion as in *decision, division, expansion*
- tion as in *education, solution, attention*
- ure as in *failure, closure, departure*

3. Nouns derived from adjectives and indicating qualities, ideas, conditions (যেসব Noun গুণ, ধ্যান-ধারণা বা অবস্থা বুঝায় এবং adjective থেকে তৈরি):

- ance, ence as in *importance, permanence, absence*
- ity as in *ability, equality, activity*
- ness as in *darkness, kindness, happiness*
- th as in *strength, length, truth*

Noun কে plural বা বহুবচন করা যায়। এটাও Noun-এর আরো একটি চিহ্ন। Plural করার প্রধান নিয়মগুলো নীচে উদাহরণসহ দেওয়া হলো:

1. অধিকাংশ Noun-এর শেষে s যোগ করে plural করা হয়:

A boy is playing in the garden.

Boys are usually stronger than girls.

This is a book.

A library is full of books.

2. যেসব Noun-এর শেষে s, x, ch, sh থাকে তাদের সঙ্গে es যোগ করা হয়:

Mina is drinking a glass of water.

There are three glasses on the table.

Hamid has bought a box of matches.

Put the books in the wooden boxes.

My watch is running slow.

Watches are useful things.

A brush has a large number of bristles attached to it.

There are many different shapes and sizes of brushes.

3. যে সব Noun-এর শেষে y থাকে এবং তার আগে consonant থাকে সেগুলোর y-কে i-এ পরিণত করে es যোগ করা হয়:

Hasan has a copy of Shakespeare's *Macbeth*.

Copies of this book can be obtained from bookshops.

Mrs Nasima has a baby.

Babies need careful nursing.

4. যে সব Noun-এর শেষে y থাকে এবং y-এর আগে vowel থাকে সেগুলোর y এর পরিবর্তন না করে s যোগ করা হয়:

This is a beautiful toy.

Children love toys.

I have lost my key.

Put the keys in the drawer.

5. যে সব Noun-এর শেষে o থাকে এবং o-এর আগে consonant থাকে সেগুলোর শেষে es যোগ করা হয়:

A tomato is a soft red fruit.

Tomatoes are rich in vitamin C.

Achilles was a great hero.

Heroes are respected by everybody.

6. যে সব Noun-এর শেষে f বা fe থাকে সেগুলোর f বা fe-কে v-এ পরিণত করে es যোগ করা হয়:

Hasan's wife is ill.

There is a club for young wives in this town.

The trees are coming into leaf.

Mina is turning the leaves of the beautiful old book.

7. কতকগুলো Noun-এর অভ্যন্তরে পরিবর্তন করা হয়:

Man is mortal.

Women generally live longer than men.

Hamid is going to have a tooth out.

Brush you teeth after every meal.

8. Compound noun-কে plural করতে মূল শব্দের সঙ্গে s যোগ করা হয়:

Hasan's father-in-law is a doctor.

Fathers-in-law should be respected as fathers.

The purse was picked up by a passer-by.

Some passers-by overheard our conversation.

9. কতকগুলো Noun-এর singular ও plural একই রকম:

This is a deer.

There are many deer in the zoo.

Hilsha is a tasty fish.

This fisherman has caught a lot of fish. (*fish*-এর plural *fishes* ও হয়।)

10. কতকগুলো Noun সব সময় plural:

People do not like dishonest politicians.

Clothes should be kept clean.

11. নিম্নলিখিত Noun গুলো plural উপরোক্ত কোন নিয়মে পড়ে না:

ox — oxen

child — children

The ox over there is healthy.

A farmer is driving a couple of oxen to the field.

A child is crying.

Children are prone to accidents.

Exercises

- 1. Add five nouns to each of these lists:**
 - (a) Hamid, Amina
 - (b) Rajshahi, Khulna
 - (c) bed, pencil
 - (d) cat, horse
 - (e) government, commission
 - (f) fishing, hunting
 - (g) liberty, anxiety
- 2. Locate the nouns in the following sentences and identify the kinds they fit into:**
 - (a) Nazrul Islam was a great poet.
 - (b) Walking is good for us.
 - (c) Monica is a bright student.
 - (d) Dhaka is the capital of Bangladesh.
 - (e) Love of freedom is universal.
 - (f) A flight of pigeons is circling overhead.
 - (g) The hunter killed a tiger with a gun.
- 3. By using suffixes form nouns from the following words:**

disturb, examine, collect, please, content, sincere.
- 4. Give the plural forms of the following nouns:**

a) elephant	e) wolf	i) woman
b) bus	f) life	j) cry
c) church	g) cargo	k) child
d) blackberry	h) mango	l) editor-in-chief
- 5. Nouns in the following sentences have been incorrectly made plural. Give the correct forms.**
 - (a) There are too many peoples in Bangladesh.
 - (b) Both his feets are painful.
 - (c) There are many deers in the Sunderbans
 - (d) Oxes are domestic animals.
 - (e) The book case has three shelves.
 - (f) His sister-in-laws are very pretty.

Lesson 2

Aim: Countable ও Uncountable Noun-এর পার্থক্য নির্দেশ করা

Lesson 1-এ noun কি ভাবে চেনা যায় এবং কি ভাবে plural করতে হয় তা উল্লেখ করা হয়েছে। কিন্তু মনে রাখতে হবে যে সব noun-কে plural করা যাবে না। ইংরেজী ভাষায় noun-কে countable (সংক্ষেপে C) ও uncountable (সংক্ষেপে U) এই দুই ভাগে ভাগ করা হয়। যে সব noun গুণা যায় এমন কিছুর নাম বুঝায় সেগুলোকে countable nouns বলে। কেবল countable nouns-কে plural করা যাবে। যেমন, *pen* ও *umbrella* গুণা যায়। অতএব আমরা বলতে পারি:

two pens

five umbrellas

উল্লেখ্য যে countable noun-কে singular বা একবচনে ব্যবহার করতে হলে তার আগে indefinite article (*a/an*) বসাতে হবে, যেমন:

There is pencil on the table – incorrect

There is a pencil on the table – correct

It may rain. You had better take umbrella – incorrect

It may rain. You had better take an umbrella – correct

Uncountable noun এমন কিছু বুঝায় যা গুণা যায় না। উদাহরণস্বরূপ, *furniture* ও *information* — এই noun দুটি uncountable. এই ধরনের noun-কে plural করা যাবে না। *furnitures* ও *informations* লিখলে ভুল হবে। এগুলোকে singular হিসেবে ব্যবহার করতে হবে। তবে এদের আগে indefinite article (*a/an*) বসানো যাবে না। মোদ্দা কথা হলো:

- Countable nouns-কে plural করা যাবে।
- Countable nouns যদি singular হয় তবে তার আগে *a/an* বসাতে হবে।
- Uncountable nouns-কে plural করা যাবে না।
- Uncountable nouns-এর আগে *a/an* বসানো যাবে না।

অতএব কোন্ noun গুলো uncountable তা জানা দরকার। নিম্নলিখিত শ্রেণীভুক্ত noun গুলো সাধারণত: uncountable:

- a) Fluids (তরল পদার্থ) : water, milk, oil, ink, soup
- b) gasses (বায়বীয় পদার্থ) : hydrogen, oxygen, nitrogen, air, smoke
- c) Natural phenomena (প্রাকৃতিক ব্যাপার) : electricity, heat, darkness, sunshine, weather
- d) Materials too small to be counted (গুণা যায় না এমন ক্ষুদ্র ক্ষুদ্র কণাবিশিষ্ট পদার্থ) : sand, dirt, salt, rice, flour
- e) Academic disciplines (পাঠ্য বিষয়) : mathematics, geography, physics, chemistry, biology
- f) Abstractions (দেখা বা ধরা-ছোঁয়া যায় না এমন কিছু) : love, sympathy, courage, beauty, freedom
- g) Other intangibles (অন্যান্য অদৃশ্য বিষয়) : work, advice, information, knowledge
- h) Diseases (ব্যাদি) : cholera, malaria, diabetes, influenza, dysentery
- i) Languages (ভাষা) : Bengali, English, French, German, Russian
- j) Games (খেলাধুলা) : football, cricket, hockey, chess, tennis
- k) Solid substances (কঠিন বা শক্ত জিনিস বা পদার্থ) : earth, bread, cotton, nylon, furniture
- l) Verbal nouns (verb থেকে সৃষ্ট noun) : camping, cooking, packing, jumping, running

তবে uncountable nouns-এর সঙ্গে কিছু measure words (পরিমাপ করা যায় এমন শব্দ) যোগ করে countable করা যায়। এই measure word গুলো পাত্র, অংশ, দৈর্ঘ্য, বিস্তৃতি, আকার ও ওজনের সঙ্গে সম্পর্কিত। Measure word গুলোর structure বা গঠন নিম্নরূপ:

Numeral + Measure	Words+ of+ Uncountable Noun
Examples of container - based measure words. (পাত্রের সঙ্গে সম্পর্কিত পরিমাপ-জ্ঞাপক শব্দের উদাহরণ)	a bottle of milk
	two glasses of water
	a bag of rice
	three jars of sugar
	a cup of tea

Numeral + Measure	Words+ of+ Uncountable Noun
Examples of portion-based measure words. (অংশের সঙ্গে সম্পর্কিত পরিমাপ-জ্ঞাপক উদাহরণ)	a slice of bread two pieces of furniture a heap of earth a pinch of salt
Examples of measure words relating to length (দৈর্ঘ্যের সঙ্গে সম্পর্কিত পরিমাপ-জ্ঞাপক শব্দের উদাহরণ)	a foot of water two yards of string a mile of cable
Area (বিস্তৃতি)	five acres of land
Volume (পরিমাণ)	a litre of petrol two litres of milk
Weight (ওজন)	a pound of butter three tons of wheat
Examples of measure words relating to abstract qualities, ideas, conditions of people or things (ধরা-ছোঁয়া যায় না এমন কিছুর সঙ্গে সম্পর্কিত পরিমাপ-জ্ঞাপক শব্দের উদাহরণ)	a piece of information an item of news a bit of luck a word of advice an attack of influenza

কোন কোন measure words বিশেষ noun-এর সঙ্গে ব্যবহৃত হয়। তাদের কিছু উদাহরণ দেওয়া হলো:

a blade of grass

a pile of rubbish

a lump of sugar

a sheet of paper

a speck of dust

a load of hay/coal

অনেক noun-কে countable ও uncountable এই দুইভাবেই ব্যবহার করা যায়। কিন্তু সেক্ষেত্রে অর্থের তারতম্য ঘটে। যেমন work ও works-এর মধ্যে অর্থের তারতম্য আছে:

I have a lot of *work* to do. (কাজ)

Kamal has read most of the *works* of Shakespeare. (বুদ্ধিবৃত্তি বা কল্পনা শক্তির ফসল)

The steel works will remain closed for Eid holidays. (যে ইমারতে কোনকিছু তৈরি করা হয়)

এই ধরনের আরো কিছু noun এর তালিকা নীচে দেওয়া হলো:

stone	iron	cake
hair	instruction	time
fire	wood	noise
land	brick	duty*

এদের কতকগুলো uncountable হিসেবে ব্যবহৃত হবে যখন ঐ পদার্থের সাধারণ নাম বুঝায়। উদাহরণ স্বরূপ, *stone* শব্দটি uncountable যখন ঐ বস্তুর কথা বুঝানো হয়, কিন্তু যখন ঐ বস্তুর একটি ক্ষুদ্র অংশ বুঝায় তখন তাকে countable হিসেবে গণ্য করা যাবে।

Examples:

Karim threw a stone at the window.

The building is made of stone.

Exercises

1. Label each of the following words as C or U:

butter	poetry	starch
banana	garlic	anger
coffee	news	meat
dress	diamond	spoon
shop	mud	homework

2. a) frog e) information
 b) dough f) milk
 c) tiger g) pencil
 d) virtue h) luxury i) advice

* এ সম্বন্ধে Oxford Advanced Learner's Dictionary দ্রষ্টব্য। এই Dictionary-তে প্রতিটি noun এর পরে C ও U লেখা আছে এবং একই noun যখন দুইভাবে ব্যবহার হয় তখন অর্থের কি পার্থক্য হয় তাও দেখানো আছে।

Complete the following sentences with the above nouns in the order given, adding *a/an*, if necessary.

- a) — jumped.
 - b) Flour mixed with sugar is called — .
 - c) — is a ferocious animal.
 - d) Patriotism is — .
 - e) What I need is — .
 - f) — is good for health.
 - g) He lent me — .
 - h) A colour television set is — .
 - i) The teacher gave me — .
3. Make the following uncountable nouns countable by using measure words before them:

toast music

corn poetry

jewelery oil

luggage ink



Lesson 3

Aim : Determiners কিভাবে noun-কে premodify করে তা শেখানো

Noun সব সময় একা ব্যবহৃত হয় না। Singular হোক, আর plural হোক, countable হোক অথবা uncountable হোক, noun-এর আগে ও পরে কিছু শব্দ বসিয়ে তাকে modify করা যায়, অর্থাৎ ঐ noun সম্বন্ধে আরো তথ্য দেওয়া যায় বা তার গুণ প্রকাশ করা যায়। যে সব শব্দ noun-এর আগে বসে তাদের premodifiers বলে। কয়েক ধরনের শব্দ premodifiers হিসেবে কাজ করে। তাদের মধ্যে determiners প্রথমে বসে। এই Lesson-এ determiners-এর ব্যবহার নিয়ে আলোচনা করা হবে।

Determiners সেই সব শব্দ যেগুলো ব্যক্তি বা বস্তুকে সনাক্ত করে বা তাদের সংখ্যা বা পরিমাণ নির্দেশ করে। নীচের উদাহরণগুলো লক্ষ্য করা যাক:

- | | |
|--------------------|------------------------|
| a) <i>a girl</i> | d) <i>two friends</i> |
| b) <i>that boy</i> | e) <i>all animals</i> |
| c) <i>my head</i> | f) <i>little water</i> |

উপরের উদাহরণগুলোতে noun-এর আগে যে সব শব্দ বসেছে (*a, that, my, two, all, little*) সেগুলোকে determiners বলে। এরা noun-গুলোকে সনাক্ত করছে অথবা তাদের সংখ্যা বা পরিমাণ নির্দেশ করছে। Determiners-এর মধ্যে নিম্নলিখিত শব্দসমষ্টি অন্তর্ভুক্ত:

- Articles : *a, an, the*
- Demonstratives : *this, that, these, those*
- Possessives : *my, his, her, your, its, their, Karim's* (possessive noun)
- Numerals : *two, three, four, or any numeral*
- Quantifiers : *all, both, some, any, no, every, each, either, neither, few, a few, little, a little, many, much.*

এই শ্রেণী বিভক্তির উদ্দেশ্য determiners চিনতে সাহায্য করা। তাদের সঠিকভাবে ব্যবহার করতে হলে পূর্ববর্তী Lesson দু'টিতে singular ও plural এবং countable ও uncountable noun-এর যে পার্থক্য উল্লেখ করা হয়েছে তা মনে রাখতে হবে

কারণ determiners সেই অনুযায়ী ব্যবহার হয়। কোন্ কোন্ determiners কোন্ কোন্ ধরনের noun-এর আগে বসে তা নীচে উদাহরণসহ দেওয়া হলো:

a) Singular countable noun-এর সঙ্গে নিম্নলিখিত determiners ব্যবহৃত হয়।

a, an, every, each, either, neither

Examples:

I have a car.

Mina has an umbrella.

noun যদি consonant দিয়ে শুরু হয় তাহলে তার আগে a বসে; vowel দিয়ে শুরু হলে an বসে।

Every pencil in the box is red,

The child has an apple in *each hand*.

Each book on the shelf contains good pictures.

Shopkeeper to customer:

Every দুই এর অধিক সংখ্যা এবং *each* দুই এবং দুই এর অধিক সংখ্যার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

We have got television sets of two makes. You can buy a set of either make. Both are good.

Either দু'টি জিনিসের ক্ষেত্রে প্রযোজ্য। *Either*-এর অর্থ 'হয় এটা, না হয় ওটা।' শব্দটি 'both' অর্থেও ব্যবহৃত হয়।

Example:

There are trees on *either side* of the road.

তবে এই অর্থে *either* এর চেয়ে *both* ও *each* এই determiners দুটো সাধারণত: বেশী ব্যবহৃত হয়:

There are trees on both sides of the road.

There are trees on each side of the road.

Neither ও দু'টি জিনিসের ক্ষেত্রে ব্যবহৃত হয়। *Neither* এর অর্থ 'এটাও নয়, ওটাও নয়।'

Teacher to student : I have read both your essays. *Neither* essay is good.

লক্ষণীয় যে উপরের উদাহরণগুলোতে প্রত্যেক determiner-এর পরে singular countable noun বসেছে। এসব determiners-এর পরে plural বা uncountable noun বসালে ভুল হবে। তবে কোন কোন ক্ষেত্রে a/an এর পরে uncountable noun বিশেষ করে abstract noun (আবেগ, গুণ, বা অবস্থা বুঝায় এমন noun) বসতে পারে যদি এ ধরনের noun-এর আগে বা পরে গুণবাচক শব্দ বা শব্দ সমষ্টি থাকে:

1. We cannot afford to neglect education.
2. He shook his head in admiration.
3. He received a good education.
4. I have an admiration for honest people.

Education শব্দটি uncountable কিন্তু তৃতীয় উদাহরণে তার আগে গুণবাচক শব্দ (*good*) থাকায় *a* বসেছে। *Admiration* শব্দটিও uncountable. কিন্তু চতুর্থ উদাহরণে একটি phrase (*for honest people*) থাকায় *an* বসেছে।

b) Plural countable noun-এর সঙ্গে নিম্নলিখিত determiners ব্যবহৃত হয়:

these, those, both, few, a few, many, several, or any numeral other than one

Examples:

These pencils are blue. (*These* কাছের জিনিষ বুঝায়।)

Those pencils are red. (*Those* দূরের জিনিষ বুঝায়।)

Both eggs are rotten. (*Both* দু'টো জিনিষের ক্ষেত্রে প্রযোজ্য।)

Few people speak English well.

A few people speak English well.

Few বললে 'almost none' বা 'প্রায় কেউনা' এই ইঙ্গিত করে; অপরপক্ষে *a few* বললে 'more than none' বা 'কিছু সংখ্যক' বুঝায়।

Many people believe in ghosts. (*Many* অর্থ 'অনেক')

Several men were injured in an accident. (*Several* অর্থ 'কতিপয়')

There are *ten mangoes* in the basket. (Plural noun-এর সঙ্গে যে কোন সংখ্যা ব্যবহার করা যায়।)

লক্ষণীয় যে উপরের উদাহরণগুলোতে প্রত্যেক determiner-এর পরে plural countable noun বসানো হয়েছে। এসব determiners-এর পরে singular countable অথবা uncountable noun বসালে ভুল হবে।

- c) 'Uncountable noun-এর সঙ্গে নিম্নলিখিত determiners ব্যবহৃত হয়:

little, much

Examples:

There is <i>little milk</i> in the glass.	<i>Little</i> অর্থ 'almost nothing' বা 'প্রায় কিছু না' এবং <i>a little</i> অর্থ 'a small amount' বা 'অতি সামান্য পরিমাণ' বুঝায়।
Mina speaks <i>a little English</i> .	<i>Much</i> 'না' সূচক ও জিজ্ঞাসাবোধক বাক্যে ব্যবহৃত হয়।
Rahim does not have <i>much money</i> in the bank.	'হ্যাঁ' সূচক বাক্যে <i>a great deal of/a lot of</i> ব্যবহার করতে হয়।
Do you need <i>much help</i> ?	Example: Rahim has <i>a great deal of/a lot of money</i> .
He does not have <i>much self-confidence</i> .	

- d) Singular countable ও uncountable noun এর সঙ্গে নিম্নলিখিত determiners ব্যবহৃত হয়:

this, that

Examples:

<i>This book</i> (singular countable) is green.	<i>This</i> কাছের জিনিস বুঝায়।
<i>That pencil</i> (singular countable) is red.	<i>That</i> দূরের জিনিস অথবা পূর্বোল্লিখিত কোন কিছু বুঝায়।
<i>This information</i> (uncountable) is not reliable.	
<i>That advice</i> (uncountable) was wrong.	

- e) নিম্নোক্ত determiners যে কোন noun অর্থাৎ singular, plural, countable ও uncountable noun এর সঙ্গে ব্যবহার করা যাবে:

my, our, his, her, its, their, Mina's, no, all, some, any, the

Examples:

Singular Countable

My (his, her, our, their) house is on the other side of the road.

There is *no book* on the table. I was busy *all day*.

Some girl is asking to see you. (এখানে *some* বলতে 'অপরিচিত ব্যক্তি বুঝায়।')

You can buy these books from *any bookseller*.

Plural Countable

Your (their, our, Mina's) books are on the table.

I have *no pencils*.

All animals are not ferocious.

Give me *some apples*.

We could not find *any students* in the class.

Uncountable

His (her, my, your) advice was sound.

No *oxygen* was available in the hospital.

He gave me all *co-operation*.

<p>Please have <i>some rice</i>.</p> <p>Do you have <i>any money</i> on you?</p> <p>I do not have <i>any money</i>.</p>	<p>সাধারণত: <i>some</i> শব্দটি affirmative বা 'হ্যাঁ' সূচক বাক্যে এবং <i>any</i> শব্দটি interrogative ও negative অর্থাৎ জিজ্ঞাসাবোধক ও না-সূচক বাক্যে ব্যবহৃত হয়।</p> <p><i>Some</i> ও <i>any</i> দু'টিই indefinite amount বা 'অনির্দিষ্ট পরিমাণ' বুঝায়।</p>
---	--

Any যখন 'হ্যাঁ' সূচক বাক্যে ব্যবহৃত হয় তখন তার অর্থ দুই রকম হতে পারে:

a) *Any good teacher* knows his/her subject well.

এখানে *any* শব্দটির পরিবর্তে *all* বা *every* শব্দ বসানো যেতে পারে।

b) You can paint your house *any colour* you like.

এখানে *any* বলতে বুঝায়: *It does not matter which* ('কোনটা তাতে কিছু যায় আসে না।')

সব শেষে *the* এর ব্যবহার আলোচনা করা যাক। *The* কে definite বা specifying article বলে। এর ব্যবহার বিবিধ ও জটিল। নীচে কয়েকটি উল্লেখযোগ্য ব্যবহারের উদাহরণ দেওয়া হলো:

১. নদী, সাগর ও সমুদ্রের নামের আগে *the* বসে:

The Padma is a big river,
Where is the Black Sea?

২. পর্বতমালার আগে *the* বসে :

The Himalayas are in Tibet.
Where are the *Alps*?

৩. বাদ্যযন্ত্রের আগে *the* বসে :

Monica can play *the piano*.
Kamal is playing *the guitar*.

৪. কোন অনন্য প্রাকৃতিক বস্তুর আগে *the* বসে :

The *earth* moves round *the sun*.
The *moon* shines at night.

৫. বাড়ী বা সমাজের পরিচিত ব্যক্তি বা বস্তুর আগে *the* বসে :

He walked into *the house* and shut *the door*.
Put *the cup* on *the table*.
Monica is in the *kitchen*.
The President is coming to Rajshahi tomorrow.

৬. কোন কিছু দ্বিতীয়বার উল্লেখ করলে *the* বসাতে হবে :

I saw a bird yesterday. *The bird* was beautiful.
There is a cow grazing in the field. *The cow* is red.

৭. Uncountable noun এর পরে যদি modifiers থাকে তবে *the* বসাতে হবে :

Milk is nutritious.
Water is essential to life.
But
The milk in the jug has gone sour.
The water of the lake is cold.

৪. যখন কোন শ্রেণীর সকলকে বুঝায় তখন *the* ব্যবহার করা হয়। এটাকে generic use of the definite article বলা হয় :

The tiger is a ferocious animal.
The lion is a wild animal.

উপরের উদাহরণে *the* বলতে সব বাঘ ও সব সিংহকে বুঝানো হচ্ছে।

9. নিম্নলিখিত ক্ষেত্রে the বসে :
- যখন ঐতিহাসিক ঘটনা : *the Middle Ages, the Renaissance, the French Revolution, the Freedom Movement.*
 - আইন প্রয়োগকারী সংস্থা, সামরিক বা বেসামরিক : *the Army, the Navy, the Air Force, the Police, the Judiciary.*
 - রাজনৈতিক দল : *the Awami League, the Muslim League, the Bangladesh National Party.*
 - সংবাদপত্র : *the Bangladesh Observer, the New Nation*
10. অনির্দিষ্ট পরিমাণ বা নির্দিষ্ট সংখ্যার পরে যে of phrase বসে তার সঙ্গে the বসাতে হবে :

Most

Many

One-fourth

The majority

of the students in this class passed the examination.

নিম্নলিখিত ক্ষেত্রে সাধারণতঃ the ব্যবহার করা হয় নাঃ

- ব্যক্তি বা স্থানের নামঃ *Amina. Ahmed. Natore, Khulna*
- Family circle বা পরিবারের মধ্যে নিম্নলিখিত শব্দঃ *father, mother, uncle, etc.*
 Father has not yet come home.
 Mother is ill.
 Baby is crying.
- Uncountable noun যখন সাধারণ অর্থে (generic sense) ব্যবহার হয়ঃ
 Life is full of joys and sorrows.
 Light travels faster than sound.
 Poetry gives us delight.
- Public Institutions যেমন school, hospital, prison, market:
 She walks to school every day.
 He is still in hospital/prison.
- Meals যেমন breakfast, dinner, supper:
 Breakfast is ready.
 Dinner has been served.
 He came before supper.

A Summary of the Rules Governing Article Usage in English

1. The countable/uncountable distinction is of crucial importance. If the noun is countable, singular and first-mentioned, use an indefinite article: He has a car.

There is, however, an exception to the rule.

Where is the post office?

In the examples above, the nouns (*rule*, *post office*) are countable, singular and first-mentioned, but the definite article has been used before them because it is a concise way of saying 'You know which one I mean'.

2. If a position can be occupied by one person at a time, use the definite article even when the position is mentioned for the first time:

The President is going abroad.

The Prime Minister presides over cabinet meetings.

The Headmaster is in.

3. If a singular countable noun is mentioned for the second time, use the definite article:

Hakim has a house. The house was built last year.

Hena has written a book. The book is selling very well.

4. In making generalizations, you have a choice:

The tiger is a ferocious animal.

A tiger is a ferocious animal.

Tigers are ferocious animals.

These statements are true of all tigers and so they are called generic statements or generalizations.

Note that the use of the definite article in this case makes the statement formal. In every day situations it is better to use the plural form.

5. Do not use any article before uncountable nouns. If you wish to quantify an uncountable thing, a measure word expression must be used:

We brush our teeth with toothpaste.

I am going to buy a tube of toothpaste.

6. There are certain ranking adjectives which take the definite article. These are:
- a) superlatives: the best, the most beautiful, the largest
 - b) sequence adjectives: the first, the next, the last
 - c) unique adjectives: The same, the only, the chief, the main
7. We use the definite article when we refer to certain shared knowledge which can be divided into three classes:
- a) The world: the sun, the moon, the stars, the universe.
 - b) Cultural: the telephone, the radio, the bus
 - c) Local: the post office, the station
8. Use the definite article if the noun is postmodified.
- The water in the glass is boiled.
- The man who lives next door is a doctor.
- The book on the table has an attractive cover.

The rules mentioned above are not exhaustive, but they are the most important ones. The learner should read English closely and discover the other rules for himself or herself.

Exercises

1. Use determiners in the blank spaces. Do not use the same determiner twice:
- a) — fever is gone.
 - b) — sheep are ruminating.
 - c) — information was leaked.
 - d) — enemy surrendered.
 - e) — head aches.
 - f) — prisoners ran away.
2. Fill in the blank spaces with nouns:
- a) Each — sobbed.
 - b) Both — disappeared.
 - c) Little — remained.
 - d) Several — died.
 - e) My — is old.
 - f) Few — were present.

3. Fill in the blanks with *the* or *a/an*:

a) I am expecting — visitor today. *will visit*

b) Please shut — door.

c) Put the key in — drawer.

d) There is — bus at ten o'clock. *clock*

4. Fill in the blanks with determiners:

Son: Mother, could I have — money? I want to go to the cinema.

Mother: Don't you have — homework to do? *Asia*

Son: Yes, but I have almost done it. Besides, a friend told ~~me~~ that — teacher would be away. *evening*

Mother: All right. But you must be back by — evening. *on another*

5. Make five noun – groups illustrating each of the following:

a) Determiner + Singular Countable Noun

b) Determiner + Plural Countable Noun

c) Determiner + Uncountable Noun

Lesson 4

Aim: Noun-এর অন্যান্য premodifiers এর ব্যবহার শেখানো

Lesson 3-তে determiners কিভাবে noun-এর আগে বসে noun-কে premodify করে তা দেখানো হয়েছে। এই Lesson-এ আরো কয়েকটি premodifiers-এর ব্যবহার দেখানো হবে। সেগুলো হলো:

1. **Adjectives :** Adjective-এর কাজ হচ্ছে noun-এর গুণ প্রকাশ করা। Adjective-এর অবস্থান determiner-এর পরে এবং noun এর আগে।

Examples:

- Hamida is a *pretty* girl.
- Belal is a *tall, handsome* boy.
- All *wild* animals are not dangerous.
- My *younger* brother is an engineer.
- This is an *interesting* story.
- There are two *red* apples in the basket.

উপরের উদাহরণগুলোতে italicized শব্দগুলো adjectives. এ গুলো determiners ও noun-এর মাঝখানে বসে noun-এর গুণ প্রকাশ করছে। একাধিক adjective ব্যবহার করা যেতে পারে যেমন example (b)-তে ব্যবহার করা হয়েছে। সেক্ষেত্রে adjectives-এর order মনে রাখতে হবে। OPSHACOM শব্দটি এই order মনে রাখতে সাহায্য করতে পারে।

	Opinion	Shape	Age	Colour	Origin	Maternal	Noun
a	beautiful	long	new	black	British	plastic	pen
a	wonderful		old			wooden	table
an	expensive		new		Japanese		car

উল্লেখ্য, adjective-কে adverb দিয়ে modify করা যায়।

Examples:

- Karim is a *rather* fat man.
- Amina is a *very* intelligent girl.
- It is an *extremely* cold day.

উপরের উদাহরণগুলোতে italicized শব্দগুলো adverbs. Adverb গুলো এখানে adjectives-কে modify করছে। Adverb-এর অবস্থান determiner ও adjective এর মাঝখানে।

2. **Noun-Adjectives** : Nounও noun-কে premodify করতে পারে। এই ধরনের noun-কে noun-adjective বলে।

Examples:

- I bought a nice *leather* bag yesterday.
- Mr. Hamid gave his wife a beautiful *diamond* ring.
- This is a colourful *sports* shirt.

উপরের উদাহরণগুলোর italicized শব্দগুলো noun-adjectives. এরা প্রধান noun (headword) কে modify করছে। Noun-adjective কে plural হিসেবে ব্যবহার করা যায় যেমন example (c)-তে ব্যবহার করা হয়েছে। Noun-adjective প্রধান noun-এর ঠিক আগে বসে।

Lesson 3 এবং 4-এ premodifiers-এর যে গঠন উল্লেখ করা হয়েছে তা table করে দেখানো হলো।

Determiner	Adverb	Adjective (s)	Noun - Adjective	Noun (Headword)
a	very	beautiful	silver	vase
some		big	mango	trees
two		nice healthy		children
an		interesting		story

উল্লেখ্য যে উপরের প্রত্যেকটি ছক পূরণ করা বাধ্যতামূলক নয়। প্রধান noun (headword) এর গুণ প্রকাশ করতে গিয়ে প্রয়োজন মত modifiers ব্যবহার করতে হবে। Modifiers সহ noun-কে noun phrase বা noun group বলে।

Exercises

- To illustrate each of the following, make five noun phrases:
 - Determiner + Adjective + Singular Countable Noun
 - Determiner + Adverb + Adjective + Uncountable Noun
 - Determiner + Two Adjectives + Plural Countable Noun
 - Determiner + Adjective + Noun-Adjective + Plural Countable Noun
- Analyse the following noun phrases:
 - an extremely hot day
 - a crowded railway station
 - some bright young men
 - an interesting ghost story
 - my favourite English poet

Lesson 5

Aim: Noun-এর postmodifiers-এর ব্যবহার শেখানো

Noun-এর পরে যে সব শব্দ বসে noun সম্বন্ধে তথ্য দেয় বা noun-এর গুণ প্রকাশ করে তাদেরকে postmodifiers বলে। Postmodifiers কে নিম্নলিখিতভাবে বিভক্ত করা যায়:

1. **Prepositional Phrases:** Prepositional phrase বলতে preposition + noun অথবা noun phrase (noun with modifiers) বুঝায়।

নীচে prepositions-এর একটি তালিকা দেওয়া হলো:

at	without	by
of	beneath	above
on/upon	over	beside
with	under	along

Examples:

The book on the table is green.

Belal is a man of regular habits.

The cat under the table is sleeping.

A beggar with one eye is asking for alms.

উপরের উদাহরণগুলোতে বাঁকা ছাঁদের শব্দগুলো prepositional phrase. এই শব্দগুলো পূর্ববর্তী noun সম্বন্ধে আরো তথ্য দিচ্ছে বা তার গুণ প্রকাশ করছে।

2. **Appositives:** Appositive বলতে noun অথবা noun with premodifiers/postmodifiers বুঝায়। Appositive এর কাজ হচ্ছে noun সম্বন্ধে অতিরিক্ত তথ্য দেওয়া।

Examples:

Mr. Ali, an engineer, is working in England.

Mr. Hakim, headmaster of Agrani School, is very strict.

উপরের উদাহরণগুলোতে বাঁকা ছাঁদের শব্দগুলো appositives. তারা পূর্ববর্তী noun সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিচ্ছে। উল্লেখ যে, appositives-এর আগে এবং পরে comma বসাতে হবে।

3. **Adverbs:** Noun-এর পরে adverbs, বিশেষ করে কয়েকটি adverbs of place, বসিয়ে noun-কে postmodify করা যায়:

Examples:

The passage *above* is easy to understand.

The man *there* is eating a banana.

4. **Participles:** Participle দুই প্রকারের : Present participle ও past participle. Verb-এর সঙ্গে *ing* যোগ করে present participle এবং *ed* যোগ করে past participle তৈরি করা হয়।

Examples of present participles:

The baby *sleeping in the cot* is healthy.

The man *walking along the road* is old.

Examples of past participles:

The bridge *destroyed by floods* has been rebuilt.

The passengers *injured in an accident* are in hospital.

উল্লেখ্য যে participle-এর সঙ্গে যদি আরো কিছু শব্দ থাকে তাহলে তাকে participle phrase বলে। অতিরিক্ত শব্দগুলো participle-এর object অথবা modifiers. উপরের উদাহরণগুলোতে বাঁকা ছাঁদের শব্দগুলো participle phrase.

5. **Infinitives:** Verb-এর মূল form-এর আগে *to* বসালে যে শব্দ সমষ্টি তৈরি হয় তাকে infinitives বলে। *verb - to do*

Examples:

I have an essay *to write* tomorrow.

The prisoner's attempt *to escape* failed.

Participle-এর মত infinitive-কেও infinitive phrase এ পরিণত করা যায়।

Exercises

1. Use nouns or noun phrases after the following prepositions:
at... without... by...
on... beside... over...
with... above... across...
2. Write five sentences modifying the nouns with prepositional phrases.
3. Fill in the blanks in the following sentences with appositives:
Kamal — has won a prize.
Mina — speaks English well.
Dr Hakim — presided over the meeting.
4. Fill in the blanks in the following sentences with these adverbs:
below, there, here.
Life — is very comfortable.
The passage — is very difficult.
The pen — has run out of ink.
5. Write five sentences modifying the nouns with present participles.
6. Write five sentences modifying the nouns with past participles.
7. Write five sentences modifying the nouns with infinitives.

Lesson 6

Aim: a) Verb-এর গুরুত্ব ব্যাখ্যা করা এবং কিভাবে তা চেনা যায় তা নির্দেশ করা
b) Tense-এর ব্যবহার শেখানো

পূর্ববর্তী Lesson গুলোতে noun সম্বন্ধে ধারণা দেওয়া হয়েছে। বর্তমান ও পরবর্তী Lesson-এ verb-এর কথা বলা হবে। Verb একটি গুরুত্বপূর্ণ পদ কারণ আগেই উল্লেখ করা হয়েছে যে ইংরেজী বাক্যের দ্বিতীয় অংশ অর্থাৎ Predicate টি verb নিয়ে অথবা verb-কে কেন্দ্র করে গঠিত হয়। Verb-এর সংজ্ঞা এইভাবে দেয়া যায়। Verbs express actions or conditions অর্থাৎ যে সব শব্দ কোন ঘটনা বা অবস্থা প্রকাশ করে তাদেরকে verbs বলে। সাধারণত: verb-এর চারটি forms থাকে:

Present Form	Ing-Form	Past Form	Past Participle Form
come	coming	came	come
go	going	went	gone
walk	walking	walked	walked

